বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়,ঢাকা।
হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-৩

নং-প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩২৬৪(২০১৪-১৫)/২০১৮-১৯/ তারিখ ঃ ২৫-০৭-২০১৮ ইং

কর্মী সংক্রান্ত ঘোষণা

যেহেতু, আপনি জনাব মোঃ ইসলাম উদ্দিন, উর্ধ্বতন কর্মকর্তা, বিকেবি, নান্দাইল শাখা, ময়মনসিংহ(উঃ) ইতিপূর্বে একই অঞ্চলাধীন বিকেবি, মাইজবাগ বাজার শাখায় মাঠকর্মী হিসেবে দায়িত্ব পালনকালে সংঘটিত অনিয়মের জন্য আপনার বিরুদ্ধে বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর শৃংখলা সম্পর্কিত ৩৮(ক),(খ),(ঘ) ও (ঙ) প্রবিধি মোতাবেক যথাক্রমে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, অদক্ষতা ও দূনীতিমূলক অপরাধের জন্য শৃংখলাজনিত বিভাগীয় মামলা নং-৪১/১৪-১৫ রুজুপূর্বক অত্র বিভাগের ১৭-১১-২০১৫ ইং তারিখের প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩২৬৪/২০১৪-১৫/১১৯৭ নম্বর স্মারক মূলে অভিযোগনামা জারী করা হইয়াছিল। আপনি উহার জবাব দাখিল করিয়াছিলেন এবং কর্তৃপক্ষ উক্ত মামলাটি তদন্তের জন্য তদন্ত বোর্ড নিয়োগ করিয়াছিলেন;

০২। যেহেতু, তদন্ত বোর্ড উক্ত বিভাগীয় মামলাটি প্রবিধান মোতাবেক তদন্তান্তে কর্তৃপক্ষের নিকট প্রতিবেদন পেশ করিয়াছেন;

০৩। যেহেতু, কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ, আপনার জবাব, তদন্ত বোর্ড কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষংগিক তথ্যাদি পর্যালোচনা পূর্বক আপনাকে গুরুদন্ড প্রদানের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহন করেন । উক্ত সিদ্ধান্ত মোতাবেক অত্র বিভাগের ০১-০১-২০১৮ ইং তারিখের প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩২৬৪/২০১৪-১৫/২২৯৮ নম্বর কর্মী সংক্রান্ত ঘোষণার মাধ্যমে আপনাকে চূড়ান্ত কারণ দর্শানো নোটিশ জারী করা হইয়াছিল। আপনি ২১-০১-২০১৮ ইং তারিখে উহার জবাব দাখিল করিয়াছিলেন। অতঃপর কর্তৃপক্ষ সার্বিক বিষয়াদি বিচার-বিশ্লেষণ করিয়া আপনি জনাব মোঃ ইসলাম উদ্দিন আপনার দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, অদক্ষতা ও দূনীতিমূলক অপরাধের দায়ে আপনাকে দোষী সাব্যস্ত করতঃ গুরু দন্ড প্রদানের চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহন করেন;

০৪। এক্ষণে, সেহেতু, কর্তৃপক্ষ গৃহীত সিদ্ধান্তের প্রেক্ষিতে বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী ) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর ৩৯(১)(খ)(আ) প্রবিধি অনুসারে ২০,০০,০০০/-(বিশ লক্ষ) আপনি জনাব মোঃ ইসলাম উদ্দিন আপনার মাসিক বেতন হইতে মূল বেতনের এক তৃতীয়াংশ হারে কর্তন করিয়া বিকেবি, মাইজবাগ বাজার শাখার আয় খাতে জমা করিবার জন্য আদেশ দিলেন। যদি আপনার চাকুরীকালে উল্লেখিত টাকা সম্পূর্নরূপে কর্তন শেষ না হয়, তাহা হইলে অবশিষ্ট অনাদায়ী টাকা আপনার প্রাপ্য অবসরোত্তর সুবিধাদি হইতে এককালীন কর্তন করিয়া আয় খাতে জমা করিবার জন্যও আদেশ দিলেন।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আদেশক্রমে-

স্বাক্ষরিত
(মোঃ মোশাররফ হোসেন)
উপ-মহাব্যবস্থাপক

জনাব মোঃ ইসলাম উদ্দিন (আই-১৬০)
উর্ধ্বতন কর্মকর্তা
বাংলাদেশ কৃষি ব্যাংক
নান্দাইল শাখা, ময়মনসিংহ(উঃ) ।

---

নং-প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩২৬৪(২০১৪-১৫)/২০১৮-১৯/ ২৬৩ (৭) তারিখ ঃ ২৫-০৭-২০১৮ ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল ঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা ।

০২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর- ১/২/৩, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন) মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক, বিকেবি, বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহ।

০৫। উপ-মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-৪/কেন্দ্রীয় হিসাব বিভাগ-২, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত রায় মোতাবেক পরবর্তীতে সদয় প্রয়েজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হইল ।

০৬। উপ-মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। আরোপিত শাস্তি সংশ্লিষ্ট কর্মকর্তার চাকুরী বহিতে লিপিবদ্ধ করতঃ কর্মী সংক্রান্ত ঘোষণাটি ব্যক্তিগত নথিতে সংরক্ষনপূর্বক পরবর্তী সদয় প্রয়েজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হইল ।

০৭। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। কর্মী সংক্রান্ত ঘোষনাটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হইল।

০৮। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, ময়মনসিংহ।

০৯। মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, ময়মনসিংহ(উঃ)।

১০। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, ময়মনসিংহ(উঃ)।

১১। ব্যবস্থাপক, বিকেবি, নান্দাইল শাখা, ময়মনসিংহ(উঃ)। এতদসংগে প্রেরিত মূল কর্মী সংক্রান্ত ঘোষনাটি জনাব মোঃ ইসলাম উদ্দিন, উর্ধ্বতন কর্মকর্তা এর নিকট প্রাপ্তি স্বীকার রশিদ মারফত হস্তান্তর করতঃ রশিদটি অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হইল এবং উপরোক্ত রায়/সিদ্ধান্ত মোতাবেক তাহার মাসিক বেতন হইতে মূল বতনের এক-তৃতীয়াংশ হারে কর্তন করিয়া কর্তনকৃত টাকার এ্যাডভাইস বিকেবি, মাইজবাগ বাজার শাখায় আয় খাতে জমা করার বিষয়টি নিশ্চিতকরনের জন্য অনুরোধকরা হইল। তাহা ছাড়া জনাব মোঃ ইসলাম উদ্দিন, এর বদলী জনিত কারনে তাহার এলপিসিতে কর্তনের বিষয়টি উল্লেখ করার জন্যও অনুরোধ করা হইল।

১২। ব্যবস্থাপক, বিকেবি, মাইজবাগ বাজার শাখা, ময়মনসিংহ(উঃ)। উপরোক্ত রায় /সিদ্ধান্ত মোতাবেক জনাব মোঃ ইসলাম উদ্দিন, এর মাসিক বেতন হইতে মূল বেতনের এক-তৃতীয়াংশ হারে কর্তনকৃত টাকার এ্যাডভাইস প্রাপ্তির পর শাখার আয় খাতে জমা করিবার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হইল । যদি তাহার চাকুরীকালে উক্ত ২০,০০,০০০/-(বিশ লক্ষ) টাকা কর্তন শেষ না হয়, তাহা হইলে অবশিষ্ট অনাদায়ী টাকা তাহার প্রাপ্য অবসরোত্তর সুবিধাদি হইতে এককালীন কর্তন করিবার পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্যও অনুরোধ করা হইল ।

১৩। নথি/ মহানথি / মূলনথি।

২৫.০৭.১৮
(মোঃ ওবায়েদ উল্যাহ)
সহকারী মহাব্যবস্থাপক

C:\Users\User\Desktop\IMPORTED FILES\Personnel Announcement - Punishment.docx